

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.১০.০০০১.২৫.১

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)- এ আয়োজিত ইংরেজি ভাষা বিষয়ে অনলাইন ০৫ টি  
ব্যাচের প্রশিক্ষণ কোর্সের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: বিএমটিটিএমআই-এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৮.০০৩.২৪.১১০০ তারিখ: ০৪/০১/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)- কর্তৃক আয়োজিত আগামী ১০ জানুয়ারি ২০২৬ খ্রি. থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. (৩৬ কর্মদিবস) পর্যন্ত অনলাইন ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স (প্রভাষক ও সহকারী অধ্যাপক) ৩০তম ব্যাচ, (প্রভাষক ও সহকারী অধ্যাপক) ৩১তম ব্যাচ, (সহকারী শিক্ষক) ৩২তম ব্যাচ, (সহকারী শিক্ষক) ৩৩তম ব্যাচ, (সহকারী শিক্ষক) ৩৪তম ব্যাচ এমপিওভুক্ত মাদ্রাসাতে কর্মরত শিক্ষকদের মধ্যে প্রতি ব্যাচে মোট ৩০ জনের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে BMTTI কর্তৃক আয়োজিত (প্রভাষক ও সহকারী অধ্যাপক) ৩০তম ব্যাচ, (প্রভাষক ও সহকারী অধ্যাপক) ৩১তম ব্যাচ, (সহকারী শিক্ষক) ৩২তম ব্যাচ, (সহকারী শিক্ষক) ৩৩তম ব্যাচ, (সহকারী শিক্ষক) ৩৪তম ব্যাচ এমপিওভুক্ত মাদ্রাসাতে কর্মরত শিক্ষকদের মধ্যে প্রতি ব্যাচে মোট ৩০ জনের তালিকা সংযুক্ত করে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশিক্ষণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(ক) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে অধ্যক্ষ বিএমটিটিআই দায়ী থাকবেন;

(খ) মনোনীত শিক্ষকগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং:-৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.৩৫; তারিখ ২০/০৫/২০২১ খ্রি. বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে compliance Report প্রেরণ করতে হবে এবং একই সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রির তথ্য প্রেরণ করতে হবে;

(গ) প্রয়োজনে মোবাইল/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(ঘ) যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা সংশ্লিষ্ট শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধানের অসদাচরণ হিসেবে বিবেচিত হবে;

(ঙ) প্রশিক্ষণ কোর্স পরিচালনার ক্ষেত্রে সরকারি বিধিবিধানসমূহ প্রতিপালন করতে হবে।

সংযুক্তি: (১) বিএমটিটিআই'র প্রস্তাব-০১ ফর্দ।

(২) প্রশিক্ষণার্থীর তালিকা- ০৫ ফর্দ।



০৫-০১-২০২৬  
মোঃ আবুল কালাম তালুকদার  
পরিচালক  
(প্রশিক্ষণ ও উন্নয়ন)

অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ডবাজার, গাজীপুর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.১০.০০০১.২৫.১/১ (৪)

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, মাদ্রাসা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



০৫-০১-২০২৬

মোঃ রুবেল হোসাইন

সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা)